



বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি


কোটবাড়ী, কুমিল্লা।

গাছ বিক্রির উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির ১৩১টি (৭৬টি কাঠ জাতীয়, ০২টি বল্লী জাতীয় ও বাকী ৫৩টি সম্পূর্ণ লাকড়ি জাতীয়) গাছ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রির নিমিত্তে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আশ্রয়ী ক্রেতাগণকে দরপত্রে অংশগ্রহণের পূর্বে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০-বিকাল ৫:০০ ঘটিকা) একাডেমির ক্যাম্পাসে অবস্থিত গাছ গুলো সরজমিনে দেখে দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। দরপত্র প্রক্রিয়াকরণ কার্য সম্পন্ন হওয়ার পর গাছের অবস্থা, কাঠ ও লাকড়ির পরিমাণ সম্পর্কিত কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

দরপত্রের সাথে জামানত হিসেবে যে কোনো তফসিলী ব্যাংক হতে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে পরিচালক (প্রশাসন), বার্ড-এর অনুকূলে জমা দিতে হবে। দরপত্র আগামী ০৮/০৩/২০১৮ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার বেলা ০১:০০ ঘটিকার মধ্যে পরিচালক (প্রশাসন), বার্ড এবং জেলা প্রশাসক, কুমিল্লা-এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে ফেলতে হবে। দরপত্র ডাকযোগেও পরিচালক (প্রশাসন), বার্ড বরাবর প্রেরণ করা যাবে তবে তা অবশ্যই নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। উল্লিখিত সময় ও তারিখের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র ০৮/০৩/২০১৮ইং তারিখ বেলা ০২:৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। আশ্রয়ী দরদাতাগণ দরপত্র সিডিউল এস্টেট-কাম-স্টোর অফিসার, বার্ড এর নিকট হতে নগদ ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ০৭/০৩/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ব্যক্তিগতভাবে অফিস চলাকালীন সময়ে ক্রয় করতে পারবেন।

আপনার বিশ্বস্ত



(ড. কামরুল আহসান)
পরিচালক (প্রশাসন)

স্মারক নং- ৪৭.৬৩.০০০০.০৩৫.০৬.০০২.১৮/৩৫১

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ